দৈনিক জনকণ্ঠ

পৃঃ ৩ ... কলাম ... ৬

MAR. 03 2002

# ত্রিশ হাজার ছাত্রছাত্রীর জন্য কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচী নেয়া হচ্ছে

**স্টাফ রিপোর্টার** ॥ সরকার প্রায় বিশ কোটি টাকা ব্যয়ে ১৫টি জেলায় প্রায় ৩০ হাজার এস.এস.সি ও এইচ.এস.সি ছাত্রছাত্রীকে সাধারণ ও স্নাতকোত্তর স্তরের 'সময়োপযোগী' কম্পিউটার প্রশিক্ষণ দেয়ার একটি কর্মসূচী গ্রহণ করতে যাচ্ছে। আগামী চার-পাঁচ মাসের মধ্যে কর্মসূচীটির বাস্তবায়ন শুরু হবে বলে বিজ্ঞান মন্ত্রণালয়ের সঙ্গে সংশ্লিষ্ট একটি সূত্র জানায়। কোর্সটি হবে ডিপ্লোমা পর্যায়ের। সাধারণ ও স্নাতকোত্তর উভয় কোর্সই হবে চার বছরের।

প্রকল্পের আওতাভুক্ত জেলাগুলো হচ্ছে– দিনাজপুর, বগুড়া, রংপুর, পাবনা, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, কুমিল্লা, নোয়াখালী, পটুয়াখালী, রাঙামাটি ও বান্দরবান। সরকার জেলা পর্যায়ে কম্পিউটার ও তথ্য প্রযুক্তির ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়নে পর্যায়ক্রমে আরও কর্মসূচী নেবে। প্রশিক্ষিত জনবল আত্মকর্মসংস্থান বা অন্যান্য প্রতিষ্ঠানে কাজ করার সুযোগ পাবে বলে সরকার আশা করছে।

কর্মসূচীটি নেয়ার আগে পরীক্ষামূলকভাবে নরসিংদী ও লালমনিরহাটে চার সপ্তাহের দুটি কোর্স পরিচালনা করা হয়। এতে তরুণদের কাছ থেকে ব্যাপকভাবে সাড়া পাওয়া যায়।

সূত্র উল্লেখ করে, প্রধানত তিনটি উদ্দেশ্যে এ কর্মসূচীটি গ্রহণ করতে যাচ্ছে। প্রথমত দেশে কম্পিউটার প্রশিক্ষণের ক্ষেত্রে যুগোপযোগী মান নিশ্চিতকরণ এবং দ্বিতীয়ত জেলা পর্যায়ে কম্পিউটার প্রশিক্ষিত জনবল উন্নয়নের সূচনা করা। সাধারণভাবে কম্পিউটার সম্পর্কে ভীতি ও সন্দেহ বিরাজ করলেও বর্তমানে দেশে অনুপযোগী প্রশিক্ষণ ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে।

তাই তরুণরা কম্পিউটারে প্রশিক্ষণ নিয়েও কাজ পাচ্ছে না। কর্মসূচীটি চালু হলে স্থানীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোতে অনুপযোগী প্রশিক্ষণ বন্ধ হবে এবং অনুসরণযোগ্য একটি মডেল কোর্সও প্রতিষ্ঠানগুলো পাবে।

সূত্র জানায়, সরকার এ পরিস্থিতিতে দেশব্যাপী 'কম্পিউটার সাক্ষরতা' তথা অপারেটর পর্যায় থেকে শুরু করে মধ্যম এবং উচ্চতর পর্যায়ে আদর্শ মডেল কোর্স প্রবর্তন করতে চাইছে।